

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১০৬.০৩৬.০৮.০০.০৩৭.২০১৭.২১৩

তারিখ : ২১ অক্টোবর ২০১৭

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী)”
২য় শ্রেণি (১০ম গ্রেড) (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠান।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী)” ২য় শ্রেণি (১০ম গ্রেড) (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

তারিখ	বোর্ড সংখ্যা	পদের নাম, মন্ত্রণালয়/দপ্তরের নাম	সাক্ষাৎকারের সময়
১৪.১১.২০১৭ মঙ্গলবার	০১(এক)টি	ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম ২য় শ্রেণি (১০ম গ্রেড) (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)	সকাল- ১০.৩০ মিনিট

২. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র অবশ্যই সংগে আনতে হবে। অন্যথায়, কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না। প্রার্থীকে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে কমিশন সচিবালয়ে উপস্থিত হতে হবে।

৩. আবেদনকারী প্রার্থীদের যোগ্য এবং বাতিল প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বরের তালিকা এবং মৌখিক পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলী কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। মৌখিক পরীক্ষার দিন কমিশন চপ্তরে প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৪. শর্ত সাপেক্ষে যোগ্য প্রার্থীর রেজিঃ নম্বর ০০০০৭৬ এর প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হওয়ার বিষয়ে কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

৫. যোগ্য প্রার্থীদের ০১(এক) সেট আবেদনপত্র (Bpsc Form-3) ওয়েব সাইট থেকে ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় সকল ডকুমেন্টস এর সত্যায়িত ছায়াছবিপিসহ যথাসময়ে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হতে হবে এবং বোর্ডের দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ সদস্যগণের ব্যক্তিগত কর্মকর্তার নিকট প্রয়োজনীয় সকল ডকুমেন্টস জমা দিতে হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-

[শেখ শাখাওয়াৎ হোসেন]

যুগ্ম-সচিব

পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]